# বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি

**অবসর ভবন**

বাড়ি নং ৭৫/এ, রোড নং ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯

ফোন ঃ ৯১১৯২০৮, ৯১১৩৪৬৭, ৯১১৪৮৫৮

Email – brgewa@gmail.com


## ২০১৮ ও ২০১৯ মেয়াদের কার্যনির্বাহী কমিটির আওতায় গঠিত স্বাস্থ্য উপ-কমিটির প্রথম সভার কার্যবিবরণী ঃ

বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির ২০১৮ ও ২০১৯ মেয়াদের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির আওতায় গঠিত স্বাস্থ্য উপ-কমিটির প্রথম সভা ০৮ মে, ২০১৮ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় অবসর ভবনে অনুষ্ঠিত হয়। সভায় উপ-কমিটির চেয়ারম্যান জনাব আব্দুল্লাহ হারুন পাশা সভাপতিত্ব করেন।

সভায় নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন ঃ

১. জনাব ইকরাম আহমেদ - সদস্য
২. জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুর - সদস্য
৩. জনাব মোঃ মিজানুর রহমান -সদস্য
৪. জনাব ফেরদৌস পারভীন -সদস্য
৫. জনাব মোঃ ওয়াসিউজ্জামান আকন্দ -সদস্য
৬. জনাব মোঃ আব্দুল হাই -সদস্য
৭. জনাব মোঃ মাহে আলম -সদস্য
৮. সৈয়দ গিয়াসউদ্দিন -সদস্য
৯. অধ্যাপক ডাঃ মোঃ মনিরুজ্জামান -সদস্য

চেয়রম্যান সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে নিম্নোক্তভাবে সভার কার্যক্রম আলোচ্যসূচী মোতাবেক পরিচালনা করেন ঃ

আলোচ্যসূচী -১ ঃ নবগঠিত স্বাস্থ্য উপ-কমিটির সদস্যদের পরিচিতি।

চেয়ারম্যানের আহবানক্রমে নবগঠিত স্বাস্থ্য উপ-কমিটির সদস্যগণ নিজ নিজ পরিচিতি প্রদান করেন। পরিচিতি পর্ব অন্তে কমিটির সদস্য জনাব মোঃ আব্দুল হাই স্বাস্থ্য উপ-কমিটির কার্যপরিধি নির্ধারণ করার জন্য অনুরোধ জানান। এ প্রেক্ষাপটে সমিতির মহাসচিব উল্লেখ করেন যে, ইতোপূর্বে এ সকল কমিটির কার্যপরিধি নির্ধারণ করে কার্যনির্বাহী কমিটির অনুমোদন গ্রহণ করা হয়েছে যা এ কমিটির ক্ষেত্রেও প্রযোজ্য হবে। জনাব ইকরাম আহমেদ উল্লেখ করেন যে, এ কমিটি কার্যনির্বাহী কমিটির পরামর্শদাতা হিসেবে স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন সুপারিশ করবে। আলোচনান্তে নির্ধারিত কার্য পরিধি কমিটির সদস্যদের অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী -২ ঃ সমিতির স্বাস্থ্য উপ-কমিটির ১১ এপ্রিল, ২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

স্বাস্থ্য উপ-কমিটির ১১ এপ্রিল, ২০১৭ তারিখের অনুষ্ঠিত সভার কার্যবিবরণীটি উপস্থাপন করা হলে পর্যালোচনান্তে তা সর্বসম্মাতিক্রমে নিশ্চিত করা হয়।

আলোচ্যসূচী -৩ ঃ সমিতির চিকিৎসা কেন্দ্রের উন্নয়ন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

চেয়ারম্যান সমিতির চিকিৎসা কেন্দ্রের বর্তমান কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য আহবান করলে সমিতির মহাসচিব চিকিৎসা কেন্দ্রের বর্তমান কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। অতঃপর তিনি চিকিৎসা কেন্দ্রের উন্নয়ন ও কল্যাণ কার্যক্রম সম্প্রসারণ করার বিষয়ে সকলের মতামত আহবান করলে সমিতির মহাসচিব জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুর চিকিৎসা কেন্দ্রে এক্সরে বিভাগ চালুকরণ ও একজন নেফ্রোলজিষ্ট নিয়োগের প্রস্তাব করেন। তিনি দ্বিতীয় পর্যায়ে একটি ১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল করার বিষয়ে কমিটির পরবর্তী সভায় আলোচনা হবে মর্মে অবহিত করেন ।

কমিটির সদস্য জনাব ওয়াসিউজ্জামান আকন্দ চিকিৎসা সংক্রান্ত কার্যক্রম কল্যাণমূখী করার লক্ষ্যে বার্ষিক স্বাস্থ্য পরীক্ষার HbA1c, PSA, Serum Electrolite ও eGFR বিনামূল্যে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করেন। এছাড়া তিনি সমিতির সদস্যদের জন্য নাক, কান, গলা চিকিৎসক ও ফিজিক্যাল মেডিসিন এর ডাক্তারের ফি মওকুফ করার প্রস্তাব করেন। এ প্রসঙ্গে সমিতির আর্থিক সামর্থ্য এবং প্রতিষ্ঠিত ডায়াগনিষ্টিক সেন্টারসমূহের রেট পর্যালোচনা করে এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা যৌক্তিক হবে মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করেন। জনাব ইকরাম আহমেদ চিকিৎসা সংক্রান্ত কল্যাণ কার্যক্রম সম্প্রসারণের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে সরকারের সংশ্লিষ্ট দপ্তরে আবেদন করার পরামর্শ প্রদান করেন এবং জনাব ওয়াসিউজ্জামান আকন্দ কর্তৃক প্রস্তাবিত টেষ্টসমূহ বার্ষিক স্বাস্থ্য পরীক্ষায় অন্তর্ভুক্ত করার পক্ষে মত দেন। এছাড়া তিনি জেলা ও উপজেলা পর্যায়ের হাসপাতালে জেলা শাখা সমিতির সদস্যদের সুযোগ সুবিধা প্রদানের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয় ও সিভিলসার্জনগণকে অনুরোধ জানিয়ে পত্র দেয়ার প্রস্তাব করেন। কমিটির সদস্য জনাব মোঃ মিজানুর রহমান বয়স্ক পেনশনারদের পেনশনের পরিমান কম বিধায় চিকিৎসা কেন্দ্রের সকল টেষ্ট ৫০% হ্রাসকৃত মূল্যে করার প্রস্তাব করেন। সৈয়দ গিয়াসউদ্দিন বছরে দু'বার স্বাস্থ্য পরীক্ষা করার ব্যবস্থা করার প্রস্তাব করেন। উল্লেখিত প্রস্তাবসমূহ বিস্তারিত পর্যালোচনান্তে নিম্লোক্ত বিষয়গুলো সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

১. বার্ষিক স্বাস্থ্য পরীক্ষায় HbA1c ও PSA টেস্ট অন্তর্ভুক্ত করার বিষয়টি নীতিগতভাবে গ্রহণ করা হয়;
২. সমিতির সদস্যদের জন্য নাক, কান ও গলা বিভাগ ও ফিজিক্যাল মেডিসিন চিকিৎসকের ফি বাবদ ধার্যকৃত ৫০.০০ টাকা জুলাই, ২০১৮ হতে মওকুফ করা ;

৩. সমিতির চিকিৎসা কেন্দ্রে একজন ইউরোলজি ও নেফ্রোলজি চিকিৎসক নিয়োগের ব্যবস্থা করা;

৪. চিকিৎসা কেন্দ্রে সমিতির আর্থিক সামর্থ্য বিবেচনায় একটি মানসম্পন্ন এক্সরে মেশিন ক্রয়ের মাধ্যমে রেডিওলজি বিভাগ চালু করার ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে পর্যালোচনান্তে সুপারিশ প্রদানের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হয় ঃ

(ক) অধ্যাপক ডাঃ মোঃ মনিরুজ্জামান - আহবায়ক

(খ) জনাব মোঃ ওয়াসিউজ্জামান আকন্দ - সদস্য

(গ) জনাব মোঃ মিজানুর রহমান - সদস্য

(ঘ) জনাব মোঃ আব্দুল হাই - সদস্য

কমিটিকে আগামী ২ সপ্তাহের মধ্যে সুপারিশ/প্রতিবেদন দাখিলের অনুরোধ করা হয়।

৫. মাসিক চিকিৎসা প্রতিবেদনে হোমিও চিকিৎসকের নিকট হতে তথ্য নিয়ে রোগীর সংখ্যা লিপিবদ্ধ করা ;

৬. সমিতির গঠনতন্ত্র থেকে ‘‘দাতব্য চিকিৎসা কেন্দ্র’’ কথাটি ভবিষ্যতে বাদ দেয়ার ব্যবস্থা করা ;

৭. জেলা ও উপজেলা পর্যায়ের হাসপাতালে জেলা শাখা সমিতির সদস্যদের চিকিৎসা ক্ষেত্রে অগ্রাধিকার প্রদানের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয় ও সিভিলসার্জনগণকে অনুরোধ করে পত্র দেয়া ;

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় চেয়ারম্যান মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
আব্দুল্লাহ হারুন পাশা
চেয়ারম্যান
স্বাস্থ্য উপ-কমিটি